

# North Western University

Committed to World Class Education

Ref : এনডব্লিউইউ/রেজি./১ম সমাবর্তন/শি.ম /২০২৪/৮১৫

Date : ডিসেম্বর ১৭, ২০২৪

প্রেরক

মরিয়ম আকতার

রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি, খুলনা।

প্রাপক

সিনিয়র সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির ১ম সমাবর্তন অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয় সমূহের চ্যাপেলের কর্তৃক সভাপতিত্ব করার লক্ষ্যে তাঁর সম্মতি গ্রহণসহ তারিখ ও সময় নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি, ৫৭তম পর্ষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি এর ১ম সমাবর্তন অনুষ্ঠান আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৫ থেকে পরবর্তী ১ মাস বা সুবিধাজনক সময়ে 'খুলনা মহিলা ক্রীড়া কমপ্লেক্স' এর উন্মুক্ত মাঠ অথবা 'খুলনা জেলা স্টেডিয়াম' এ আয়োজন করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আশা পোষণ করছে। সমাবর্তনে প্রায় ৫,০০০-জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে বলে আশা করা হচ্ছে। এ প্রেক্ষিতে বর্ণিত সময়ের মধ্যে যে তারিখে মহামান্য রাষ্ট্রপতি তাঁর মূল্যবান সময় দিতে সদয় সম্মত হবেন সে তারিখেই এ বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন অনুষ্ঠিত হবে। উক্ত সমাবর্তনে মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয় সমূহের চ্যাপেলের সম্মতিসহ তারিখ নির্ধারণ প্রয়োজন।

উল্লেখ্য যে, ২০১২ সালের পরবর্তী সময় (প্রায় ১২ বছর) সমাবর্তন অনুষ্ঠিত না হওয়ায়, প্রায় ৫,০০০ শিক্ষার্থীরা চাকরি ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে নানাবিধ প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছেন।

এ বিশ্ববিদ্যালয়ে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগপ্রাপ্ত ভাইস চ্যাপেলের এবং কোষাধ্যক্ষ রয়েছে।

এমতাবস্থায় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান আয়োজনের নিমিত্তে মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয় এর চ্যাপেলের মহোদয়ের সদয় সম্মতি গ্রহণসহ সমাবর্তনের তারিখ ও সময় নির্ধারণের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আপনার নিকট প্রশাসনের নির্দেশক্রমে সবিনয় অনুরোধ জানাচ্ছি।

আপনার বিশ্বস্ত


*Mam Sult*

মরিয়ম আকতার

17/12/2024

রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি, খুলনা।



সংযুক্তি:-

১। নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি সম্পর্কিত তথ্যাদি।